গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৮৪.১৮-/৫৫৫/৪ তারিখ : ৭/০১/২০১৯ খ্রি.

বিষয় : রাজশাহী জেলার হাজী জমির উদ্দীন শাফিনা মহিলা কলেজ এর জনাব শফিকা ইমরোজ, প্রভাষক-সমাজবিজ্ঞান কে সমন্বয় করে এম.পি.ও ভুক্তিকরণ।

সূত্র : স্মারক নং ২৩১/১৮ তারিখ : ১৭/১১/২০১৮।

রাজশাহী জেলার হাজী জমির উদ্দীন শাফিনা মহিলা কলেজ এর উচ্চমাধ্যমিক পর্যায়ে সমাজবিজ্ঞান বিষয়ের শূন্য পদে ডিগ্রিস্তরে নিয়োগকৃত জনাব শফিকা ইমরোজ, প্রভাষক-সমাজবিজ্ঞান কে সমন্বয় করে এম.পি.ও ভুক্তির নির্দেশনা কামনা করে সূত্রোক্ত স্মারক মোতাবেক আবেদন করেন। প্রতিষ্ঠান থেকে দাখিলকৃত কাগজপত্রাদি যাচাই করে দেখা যায় হাজী জমির উদ্দীন শাফিনা মহিলা কলেজটি উচ্চমাধ্যমিক কোডে এম.পি.ও ভুক্ত। প্রতিষ্ঠানের এম.পি.ও কোড ৮৬১১০১৩১০১। ডিগ্রি স্তর জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে অধিভুক্ত। জনাব শফিকা ইমরোজ কে ডিগ্রিস্তরে প্রভাষক-সমাজবিজ্ঞান পদে নিয়োগ প্রদান করা হয়েছে এবং তিনি ১১/০৬/২০০৩ তারিখে যোগদান করেন। প্রতিষ্ঠানটির উচ্চমাধ্যমিক স্তরের সমাজবিজ্ঞান বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মোঃ আব্দুস সবুর সরকার গত ১৩/৭/২০১৫ তারিখে অবসর গ্রহণ করেন। বর্তমানে উচ্চমাধ্যমিক স্তরে সমাজবিজ্ঞান বিষয়ের এম.পি.ও ভুক্ত পদটি শূন্য আছে।

জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ৯(ii) ধারা অনুযায়ী 'উচ্চমাধ্যমিক ও ডিগ্রি(পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এম.পি.ও ভুক্ত নয়, এমন একই বিষয় নিয়োগপ্রাপ্ত শিক্ষককে প্যাটার্নভুক্ত শূন্যপদে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে।

এমতাবস্থায়, রাজশাহী জেলার হাজী জমির উদ্দীন শাফিনা মহিলা কলেজের উচ্চমাধ্যমিক পর্যায়ে সমাজবিজ্ঞান বিষয়ের শূন্য পদে ডিগ্রিস্তরে নিয়োগকৃত জনাব শফিকা ইমরোজ এর নিয়োগ যথাযথ থাকলে এবং সমাজবিজ্ঞান বিষয়ে জ্যেষ্ঠ শিক্ষক হলে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ৯(ii) এর অনুচ্ছেদ অনুযায়ী গভর্নিং বডির মাধ্যমে সমন্বয় করে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭.০১.১৯
(ফারহানা আক্তার)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭।
ই-মেইল : ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ
হাজী জমির উদ্দীন শাফিনা মহিলা কলেজ
ভাটাপাড়া, রাজশাহী।

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
০২। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী;
০৩। সভাপতি, গভর্নিং বডি, হাজী জমির উদ্দীন শাফিনা মহিলা কলেজ,ভাটাপাড়া, রাজশাহী;
০৪। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০৯.১৯-১৬১(৪) তারিখ : ১৪/০১/২০১৯ খ্রি.

বিষয় : নাটোর জেলার গুরুদাসপুর উপজেলাধীন নাজিরপুর ডিগ্রি কলেজের জনাব অচিন্ত্য কুমার ঘোষ, প্রভাষক-পরিসংখ্যান কে সমন্বয় করে এম.পি.ও ভুক্তি।

সূত্র : স্মারক নং ৪৯ নাউক/২৪/২০১৮ ইং তারিখ :২২/০৭/২০১৮।

নাটোর জেলার গুরুদাসপুর উপজেলাধীন নাজিরপুর ডিগ্রি কলেজের জনাব অচিন্ত্য কুমার ঘোষ, প্রভাষক-পরিসংখ্যান কে সমন্বয় করে এম.পি.ও ভুক্তির নির্দেশনা কামনা করে প্রতিষ্ঠান থেকে আবেদন করেন। দাখিলকৃত রেকর্ডপত্র যাচাই করে দেখা যায় নাজিরপুর ডিগ্রি কলেজটি ডিগ্রি কোডে এম.পি.ও ভুক্ত(এম.পি.ও কোড ৮৪০৩০৫৩২০১)। প্রতিষ্ঠানটিতে উচ্চমাধ্যমিক ও ডিগ্রিস্তরে পরিসংখ্যান বিষয়ের স্বীকৃতি/অধিভুক্তি আছে। জনাব বিমলকৃষ্ণ মন্ডল, প্রভাষক-পরিসংখ্যান ০২/০৭/২০১৭ তারিখে মৃত্যুবরণ করেন। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানে পরিসংখ্যান বিষয়ে ০১ জন শিক্ষক এম.পি.ও ভুক্ত। জনাব অচিন্ত্য কুমার ঘোষ পরিসংখ্যান বিষয়ে নিয়োগপ্রাপ্ত হয়ে কর্মরত আছেন। প্রতিষ্ঠানের পরিসংখ্যান বিষয়ের শূন্যপদে সমন্বয় করে এম.পি.ও ভুক্তির বিষয়ে নির্দেশনা কামনা করে প্রতিষ্ঠান থেকে আবেদন করেন।

জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ৯(ii) ধারা অনুযায়ী উচ্চমাধ্যমিক ও ডিগ্রী(পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এম.পি.ও ভুক্ত নয় এমন একই বিষয় নিয়োগপ্রাপ্ত শিক্ষককে প্যাটার্নভুক্ত শূন্যপদে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করার জন্য বলা আছে।

এমতাবস্থায়, জনাব অচিন্ত্য কুমার ঘোষ, প্রভাষক-পরিসংখ্যান এর নিয়োগ যথাযথ থাকলে এবং জ্যেষ্ঠ শিক্ষক হলে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ৯(ii) অনুচ্ছেদ অনুযায়ী গভর্নিং বডির মাধ্যমে সমন্বয় করে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪.০১.১৯

(ফারহানা আক্তার)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭।
ই-মেইল : ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ
নাজিরপুর ডিগ্রি কলেজ
গুরুদাসপুর, নাটোর।

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল,রাজশাহী ;
০২। জেলা শিক্ষা অফিসার, নাটোর ;
০৩। সভাপতি, গভর্নিং বডি, নাজিরপুর ডিগ্রি কলেজ, গুরুদাসপুর, নাটোর;
০৪। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৯৩.১৮/১৮৮/৪ তারিখ : ১৪/০১/২০১৯ খ্রি.

বিষয় : পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন গলাচিপা মহিলা ডিগ্রি কলেজের জনাব মুঃ আরিফুর রহমান, প্রভাষক-অর্থনীতি কে সমন্বয় করে এম.পি.ও ভুক্তি।

সূত্র : স্মারক নং গমক/২০৮১৮(৪০৮) তারিখ :১৮/০৮/২০১৮।

পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন গলাচিপা মহিলা ডিগ্রি কলেজের মৃত্যুজনিত শূন্যপদে জনাব মুঃ আরিফুর রহমান, প্রভাষক-অর্থনীতি কে সমন্বয় করে এম.পি.ও ভুক্তির নির্দেশনা কামনা করে সূত্রোক্ত স্মারক মোতাবেক প্রতিষ্ঠান থেকে আবেদন করেন। দাখিলকৃত রেকর্ডপত্র যাচাই করে দেখা যায়, গলাচিপা মহিলা ডিগ্রি কলেজটি উচ্চমাধ্যমিক কোডে এম.পি.ও ভুক্ত। প্রতিষ্ঠানের এম.পি.ও কোড ৬৬০৩০৬৩১০২। ডিগ্রি স্তর জাতীয় বিশ্ববিদ্যালয় থকে অধিভুক্ত আছে। জনাব মুঃ আরিফুর রহমান কে ডিগ্রিস্তরে প্রভাষক-অর্থনীতি পদে নিয়োগ প্রদান করা হয়েছে এবং তিনি ২৬/১০/২০০২খ্রি. তারিখে যোগদান করেন। প্রতিষ্ঠানটির উচ্চমাধ্যমিক স্তরের অর্থনীতি বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মোঃ কামাল হোসেন (ইনডেক্স : ৪১৩৫৪৬) ০৯/০৭/২০১৬ তারিখে মৃত্যুবরণ করেন। বর্তমানে উচ্চমাধ্যমিক স্তরে অর্থনীতি বিষয়ের এম.পি.ও ভুক্ত পদটি শূন্য আছে।

জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ৯(ii) ধারা অনুযায়ী উচ্চমাধ্যমিক ও ডিগ্রী(পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এম.পি.ও ভুক্ত নয় এমন একই বিষয় নিয়োগপ্রাপ্ত শিক্ষককে প্যাটার্নভুক্ত শূন্যপদে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করার জন্য বলা আছে এবং গভর্নিং বডির ১৫/০৭/২০১৮ তারিখের সভায় জনবল কাঠামো মোতাবেক জনাব মুঃ আরিফুর রহমান, প্রভাষক-অর্থনীতিকে উচ্চমাধ্যমিক স্তরের শূন্যপদে এম.পি.ও ভুক্ত করার জন্য সমন্বয় করা হয়েছে।

এমতাবস্থায়, গলাচিপা মহিলা ডিগ্রি কলেজের জনাব মুঃ আরিফুর রহমান, প্রভাষক-অর্থনীতি কে জনবল কাঠামো মোতাবেক এম.পি.ও ভুক্তির জন্য অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩.০১.১৯

(ফারহানা আক্তার)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭।
ই-মেইল : ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ
গলাচিপা মহিলা ডিগ্রি কলেজ
গলাচিপা, পটুয়াখালী।

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল ;
০২। জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী ;
০৩। সভাপতি, গভর্নিং বডি, গলাচিপা মহিলা ডিগ্রি কলেজ, গলাচিপা, পটুয়াখালী;
০৪। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৯২.১৮-/১৮২/৫ তারিখ : ১৫/০১/২০১৯ খ্রি.

বিষয় : ঢাকাস্থ উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ এর জনাব নাসিমা চাঁদনী, প্রভাষক-উদ্ভিদ বিজ্ঞান এর এম.পি.ও ভুক্তি।

সূত্র : স্মারক নম্বর ৩৭.০০.০০০০.০৭৪.০২.০১৭.১৮.৪৬২ তারিখ : ০৭/১১/২০১৮।

জনাব মোহাম্মদ নাসিম, এমপি, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর ডি.ও পত্রের প্রেক্ষিতে ঢাকা মহানগরীর উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজের জনাব নাসিমা চাঁদনী, প্রভাষক-উদ্ভিদ বিজ্ঞান এর এম.পি.ও ভুক্তির বিষয়টি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য মন্ত্রণালয় থেকে সূত্রোক্ত স্মারক মোতাবেক মাউশি অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করেন। উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজটি উচ্চ মাধ্যমিক কোডে এম.পি.ও ভুক্ত প্রতিষ্ঠান। জনবল কাঠামো-২০১৮ মোতাবেক উচ্চ মাধ্যমিক কলেজে প্রতি ঐচ্ছিক বিষয়ে ১ জন করে প্রভাষক/সহকারী অধ্যাপক প্রাপ্য। প্রতিষ্ঠানটিতে ঐচ্ছিক বিষয় হিসেবে জীববিজ্ঞান বিষয়ের অনুমোদন আছে এবং উক্ত পদের বিপরীতে জনাব আফরোজা বেগম(ইনডেক্স : ৩০৮৭১০৩) এম.পি.ও ভুক্ত আছে। প্রতিষ্ঠানটিতে ঐচ্ছিক বিষয় হিসেবে উদ্ভিদ বিজ্ঞান বিষয়ের অনুমোদন নাই।

এমতাবস্থায়, উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজের উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্যাটার্নভুক্ত পদ না থাকায় জনাব নাসিমা চাঁদনী, প্রভাষক-উদ্ভিদ বিজ্ঞানকে এম.পি.ও ভুক্তির সুযোগ নাই।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।

১৫.০১.১৯

(ফারহানা আক্তার)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭।
ই-মেইল : ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ
উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ
কাকরাইল, ঢাকা।

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ : উপসচিব, বেসরকারি মাধ্যমিক শাখা-৩)
০২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা ;
০৩। জেলা শিক্ষা অফিসার, ঢাকা ;
০৪। সভাপতি, গভর্নিং বডি, উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ, কাকরাইল, ঢাকা;
০৫। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং ৭জি/৯৮৬(ক-৩)/২০০৬/ ১৭৬ তারিখ : ১৫/০১/২০১৯ খ্রি.

বিষয় : সিলেট জেলার ওসমানীনগর উপজেলাধীন দয়ামীর(ডিগ্রি) কলেজ এর সহকারী লাইব্রেরিয়ান জনাব রত্না তালুকদার এর এমপিও ভুক্তির বিষয়ে মতামত।

সূত্র : স্মারক নং ৩৭.০২.৯১০০.০০০.০০.০০০.১৮-৪৫ তারিখ : ২৭/০৩/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার ওসমানীনগর উপজেলাধীন দয়ামীর(ডিগ্রি) কলেজের সহকারী লাইব্রেরিয়ান জনাব রত্না তালুকদার এর এমপিও ভুক্তির জন্য বাংলাদেশ গ্রন্থাগার সমিতির অধীনে ইনস্টিটিউট অব লাইব্রেরি এ্যান্ড ইনফরমেশন সায়েন্স হতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে স্নাতকোত্তর ডিপ্লোমা সনদ এর বিষয়ে মতামতের জন্য সূত্রোক্ত স্মারক মোতাবেক আবেদন করা হয়।
বাংলাদেশ গ্রন্থাগার সমিতির কর্তৃক পরিচালিত গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সটি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদনপ্রাপ্ত। উক্ত সনদের গ্রহণযোগ্যতার বিষয়ে মতামত চেয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে ৩০/০৫/২০১৮খ্রি. তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পত্র দেয়া হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরের পত্র নং ২৩৫৩/ডেস/প তারিখ : ১৯/১১/২০১৮ মোতাবেক জানান যে, ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট এর ১৯.০১.১৯৮৮ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিভাগে চলমান ডিপ্লোমা কোর্সটি বন্ধ করে ১৯৮৭-১৯৮৮ শিক্ষাবর্ষ হতে সম্মান কোর্স প্রবর্তন করা হয় এবং গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা কোর্স চালু করার জন্য লাইব্রেরি এসোসিয়েশন অব বাংলাদেশকে অনুমতি দেয়া হয়। লাইব্রেরি এসোসিয়েশন বাংলাদেশে যেহেতু ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুমতি নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিলেবাস অনুযায়ী কোর্সটি প্রবর্তন করা হয়েছে, তাই উল্লিখিত প্রতিষ্ঠান থেকে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে স্নাতকোত্তর ডিপ্লোমা অর্জনকারীগণ বিধি মোতাবেক সকল প্রকার সুযোগ-সুবিধা পাওয়ার দাবী রাখে।

এমতাবস্থায়, ডিপ্লোমা সনদটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত প্রতিষ্ঠান থেকে অর্জন করায় নিয়োগের অন্যান্য সকল প্রক্রিয়া যথাযথ থাকলে সিলেট জেলার ওসমানীনগর উপজেলাধীন দয়ামীর কলেজের সহকারী লাইব্রেরিয়ান জনাব রত্না তালুকদার কে এম.পি.ও ভুক্ত করা যেতে পারে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।

১৪.০১.১৯

(ফারহানা আক্তার)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭।
ই-মেইল : ncollege@dshe.gov.bd

জেলা শিক্ষা অফিসার
সিলেট।

বিতরণ:

০১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট ;
০২। অধ্যক্ষ, দয়ামীর কলেজ, ওসমানীনগর, সিলেট ;
০৩। সংরক্ষণ নথি।